

■ সুনান আত তিরমিজী (তাহকীকৃত)

হাদিস নাম্বারঃ ৩৩১৬

88/ তাফসীরুল কুরআন উপর রয়েছে (كتاب تفسير القرآن عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ ৬৪. সূরা আল-মুনাফিকুন

আরবী

حَدَّثَنَا عَبْدُ بْنُ حُمَيْدٍ، حَدَّثَنَا جَعْفَرُ بْنُ عَوْنَى، أَخْبَرَنَا أَبُو جَنَابٍ الْكَلْبِيُّ، عَنِ الضَّحَّاكِ
بْنِ مُزَاحِمٍ، عَنِ ابْنِ عَبَّاسٍ، رضى الله عنهما قَالَ مَنْ كَانَ لَهُ مَالٌ يُبَلِّغُهُ حَجَّ بَيْتِ رَبِّهِ
أَوْ تَجِبُ عَلَيْهِ فِيهِ الزَّكَاةُ فَلَمْ يَفْعُلْ سَأَلَ الرَّجُعَةَ عِنْ الدِّمْوَتِ . فَقَالَ رَجُلٌ يَا ابْنَ عَبَّاسٍ
اتَّقِ اللَّهَ إِنَّمَا سَأَلَ الرَّجُعَةَ الْكُفَّارُ قَالَ سَأَتْلُو عَلَيْكَ بِذَلِكَ قُرْآنًا : (يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا
تُلْهِكُمْ أَمْوَالُكُمْ وَلَا أَوْلَادُكُمْ عَنْ ذِكْرِ اللَّهِ) : (وَأَنْفَقُوا مِمَّا رَزَقْنَاكُمْ مِنْ قَبْلِ أَنْ يَأْتِي
أَحَدُكُمُ الْمَوْتُ) إِلَى قَوْلِهِ : (وَاللَّهُ خَبِيرٌ بِمَا تَعْمَلُونَ) قَالَ فَمَا يُوجِبُ الزَّكَاةَ قَالَ إِذَا
بَلَغَ الْمَالُ مِائَتِيْ دِرْهَمٍ فَصَاعِدًا . قَالَ فَمَا يُوجِبُ الْحَجَّ قَالَ الْزَّادُ وَالْبَعِيرُ .

حَدَّثَنَا عَبْدُ بْنُ حُمَيْدٍ، حَدَّثَنَا عَبْدُ الرَّزَاقِ، عَنِ الثُّورِيِّ، عَنْ يَحْيَى بْنِ أَبِي حَيَّةَ، عَنِ
الضَّحَّاكِ، عَنِ ابْنِ عَبَّاسٍ، عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِنَحْوِهِ . وَقَالَ هَكَذَا رَوَى
سُفِيَّانُ بْنُ عُيَيْنَةَ، وَغَيْرُهُ، وَاحِدٌ، هَذَا الْحَدِيثُ عَنْ أَبِي جَنَابٍ، عَنِ الضَّحَّاكِ، عَنِ ابْنِ
عَبَّاسٍ، قَوْلُهُ وَلَمْ يَرْفَعْهُ . وَهَذَا أَصَحُّ مِنْ رِوَايَةِ عَبْدِ الرَّزَاقِ . وَأَبُو جَنَابٍ الْفَصَّابُ
اسْمُهُ يَحْيَى بْنُ أَبِي حَيَّةَ وَلَيْسَ هُوَ بِالْقَوِيِّ فِي الْحَدِيثِ .

বাংলা

৩৩১৬। ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণিত আছে, যার নিকটে তার রবের (প্রতিপালকের) ঘর (কাব্য) যিয়ারাতের জন্য প্রয়োজনীয় সম্পদ আছে অথচ হাজ করে না, অথবা এতটা সম্পদ আছে যাতে তার উপর যাকাত ওয়াজির হয় কিন্তু যাকাত আদায় করে না, সে মৃত্যুর সময় দুনিয়াতে আবার ফিরে আসার আরজ করবে। তখন এক ব্যক্তি বললেন, হে ইবনু আব্বাস আল্লাহ তা�'আলাকে ভয় করুন, দুনিয়াতে ফিরে আসার আর্জি তো শুধু কাফিররাই করবে। ইবনু আব্বাস (রাঃ) বললেন, আমি এখনই তোমাকে কুরআন পাঠ করে শুনাচ্ছি:

"হে ঈমানদারগণ! তোমাদের ধন-সম্পদ ও সন্তান-সন্ততি যেন তোমাদেরকে আল্লাহ তা'আলার স্মরণ থেকে গাফিল না করে, যারা গাফিল হবে তারাই তো ক্ষতিগ্রস্ত। আমি তোমাদেরকে যে জীবিকা দিয়েছি, তা হতে খরচ কর তোমাদের কারো মৃত্যু আসার পূর্বে। অন্যথায় (মৃত্যু আসলে) সে বলবে, হে আমার রব। আমাকে তুমি আরো কিছুকালের জন্য ছাড় দিলে আমি দান-খাইরাত করতাম এবং সৎকর্মপরায়ণ লোকদের অন্তর্ভুক্ত হতাম। কিন্তু যখন কারো নির্দ্বারিতকাল (মৃত্যু) চলে আসবে, তখন আল্লাহ তা'আলা তাকে কিছুই ছাড় দিবেন না। তোমরা যা কর আল্লাহ তা'আলা সে প্রসঙ্গে পূর্ণ অবগত" (সূরাঃ আল-মুনাফিকুন- ৯-১১)।

লোকটি বলল, কি পরিমাণ সম্পদে যাকাত ওয়াজিব হয়? তিনি বললেন, দুই শত দিরহাম বা ততোধিক মালে। সে বলল, কিসে হাজ ওয়াজিব হয়? তিনি বললেনঃ পাথেয় ও যানবাহন থাকলে।

সনদ দুর্বল

আবদ ইবনু হুমাইদ-আবদুর রায়ুয়াক হতে তিনি সুফিয়ান সাওরী হতে তিনি ইয়াহইয়া ইবনু আবু হাইয়া হতে তিনি দাহহাক হতে তিনি ইবনু আববাস (রাঃ) হতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে উপরোক্ত হাদীসের মতই বর্ণনা করেছেন। ইবনু উয়াইনা প্রমুখ এ হাদীস আবু জানাব হতে তিনি দাহহাক হতে তিনি ইবনু আববাস (রাঃ) সূত্রে তার বিবৃতরূপে একই রকম বর্ণনা করেছেন এবং মারফু হিসেবে বর্ণনা করেননি। আবদুর রায়ুয়াকের রিওয়ায়াতের তুলনায় এটি (মাওকুফ বর্ণনাটি) অনেক বেশি সহীহ। আবু জানাবের নাম ইয়াহইয়া ইবনু আবু হাইয়া এবং তিনি হাদীসশাস্ত্রে তেমন মজবুত নন।

English

Ad-Dahhak bin Muzahim narrated:

From Ibn Abbas [may Allah be pleased with him] who said: "Whoever has wealth, required him to perform Hajj to the House of his Lord, or upon which Zakat is obligatory, but he does not do it, then he shall ask to return (the world) upon his death." A man said: "Oh Ibn Abbas! Have Taqwa of Allah! It is only the disbelievers who will be asked to return." He said: "For that, I shall recite to you from the Qur'an: You who believe! Let not your properties or your children divert you from the remembrance of Allah. And whosever does that, then they are with the losers. And spend of that which We have provided you before death comes to one of you, and says: "My Lord! If only You would give me respite for a little while, then I should give Sadaqah" up to His saying: "And Allah is All-Aware of what you do." He said: "So what makes Zakat obligatory?" He said: "When wealth reaches two hundred or above." He said: "What makes Hajj obligatory?" He said: "Provisions and a camel."

পাবলিশারঃ হসাইন আল-মাদানী □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আবৰাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=43690>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন